

# বিশ্বব্যাংক

## তথ্য বিবরণী



### ইউনিয়ন পরিষদসমূহ শক্তিশালী করার উদ্যোগ বেগবান হয়েছে

ইউনিয়ন পরিষদসমূহ শক্তিশালী করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জনের পর জবাবদিহিমূলক স্থানীয় সরকার ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে সরকারি উদ্যোগ বেগবান হয়েছে। বিশ্বব্যাংক বাংলাদেশ সরকারের 'স্থানীয় সরকার সহায়তা প্রকল্প' তথা এলজিএসপি'কে ১১১.৫ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ অঙ্গীকারের মাধ্যমে সহায়তা করছে। এই প্রকল্পের আওতায় একটি স্বচ্ছ কর প্রক্রিয়ার মাধ্যমে জনগণের চাহিদায় আরও ভালভাবে সাড়া দিতে এবং সেবা প্রদানে ইউনিয়ন পরিষদসমূহকে আরও সক্ষম করে তুলতে সহায়তা করা হবে।

এই প্রকল্পের আওতায় সরকার সরাসরি ইউনিয়ন পরিষদসমূহকে বর্ধিত বার্ষিক উন্নয়ন পরিকল্পনার রুক অনুদান প্রদান করবে। তবে শর্ত থাকে যে, ইউনিয়ন পরিষদসমূহ সুচারুরূপে বার্ষিক অডিট সম্পন্ন করবে এবং তাদের বরাদ্দ ও ব্যয় প্রক্রিয়ায় স্বচ্ছতা বৃদ্ধির জন্য বিভিন্ন সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করবে। এই প্রকল্প বাস্তবায়ন হবে কয়েক পর্যায়ে: ২০০৭ সালের জুলাই মাসে শুরু হয়ে প্রথম বছরে প্রায় ২৫ শতাংশ তথা ১০০০টি ইউনিয়ন পরিষদ অন্তর্ভুক্ত হবে এবং পরবর্তী চার বছরে দেশের সকল ইউনিয়ন পরিষদ অন্তর্ভুক্ত হবে।

সম্প্রতি-সমাপ্ত এক বিশ্বব্যাংক মিশনের অভিমত অনুযায়ী অডিট সহায়তা, ইউনিয়ন পরিষদের প্রশিক্ষণ, আইইসি নাগরিক অভিযান ও কারিগরি সহায়তার মূল কার্যক্রমগুলির উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং ইউনিয়ন পরিষদসমূহকে তহবিল বরাদ্দের প্রস্তুতিতে অব্যাহত অগ্রগতি সাধিত হয়েছে।

এছাড়াও, সুইডিশ উন্নয়ন সহযোগিতায় বিশ্বব্যাংক স্থানীয় সরকার নীতি সহায়তার ক্ষেত্রে ঋণ-বহির্ভূত কারিগরি সহায়তাও দেবে। এর আওতায় উদ্ভূত বিভিন্ন চাহিদার ক্ষেত্রে, বিশেষ করে বিকেন্দ্রীকরণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ শক্তিশালী করার ক্ষেত্রে নীতি উন্নয়নে সহায়ক কর্মকাণ্ড গ্রহণে সরকার দ্রুত সাড়া দিতে সক্ষম হবে।

মার্চ ২০০৭

#### যোগাযোগ:

এসএম রিজওয়ান-উল-আলম (+৮৮০২) ৮১৫৯০০১ এক্সটেনশন ৪২৪২, ইমেইল: [salam3@worldbank.org](mailto:salam3@worldbank.org)  
বাংলাদেশে বিশ্বব্যাংকের কর্মকাণ্ড সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন [www.worldbank.org.bd](http://www.worldbank.org.bd) অথবা  
[www.worldbank.org](http://www.worldbank.org)